



# সামর্থ্য পর্যালোচনা (SWOC)

টিপস্ ও ফ্যাঙ্ক  
সীট

SWOC (সামর্থ্য) মানে হচ্ছে শক্তি (Strengths), দুর্বলতা (Weakness), সুযোগ (Opportunities), এবং চ্যালেঞ্জ (Challenge)।

## কেন সামর্থ্য পর্যালোচনা গুরুত্বপূর্ণ?

SWOC বা সামর্থ্য পর্যালোচনা খুব সাধারণ কিন্তু অত্যন্ত শক্তিশালী পদ্ধতি যেটি বর্তমান অবস্থাকে বিবেচনা করে তুলনামূলক সুবিধাসমূহ এবং কর্ম দক্ষতা বৃদ্ধির পথগুলো চিহ্নিত করে।

## কিভাবে আমি সামর্থ্য পর্যালোচনা বা SWOC করতে পারি?

একটি পৃষ্ঠাকে চারটি ভাগে ভাগ করুন এবং প্রত্যেক ভাগের শিরোনাম লিখুন (নিচের ছবি অনুযায়ী)। নিয়ম নির্ধারণ করুন লোকজনকে বড় চিন্তা করতে উৎসাহিত করুন।



নিচের প্রশ্নের মতো প্রশ্নমালা ব্যবহার করুন যাতে তারা আলোচনা করার এবং বুদ্ধি ব্যবহার করার শক্তি পায়। অন্যের কোন ধারণার সমালোচনা করবেন না। বর্গক্ষেত্রের ভেতর প্রশ্নগুলো রাখার দরকার নেই। প্রতিটি শিরোনামের নীচে ধাপ গুলো লিখুন:

শক্তি (Strengths)	দুর্বলতা (Weakness)
<p>শক্তি হচ্ছে সেটি, যে কাজটি আপনি সুন্দর ভাবে করতে পারেন। বাস্তবতা বিবেচনা করুন।</p> <ul style="list-style-type: none"> <li>অন্যান্যের চেয়ে আপনি কি ভাল করতে পারেন?</li> <li>আপনার প্রতিষ্ঠানের কি সুবিধা আছে?</li> <li>অন্যদের চোখে আপনার শক্তি কোনটি?</li> </ul>	<p>এটি অভ্যন্তরীণ বিষয়। আপনার দুর্বলতাকে আপনি এবং অন্যান্যরা কিভাবে বিবেচনা করে সেটি ভাবুন। বাস্তবতার ভিত্তিতে বিবেচনা করুন। অস্বস্তিকর বাস্তবতাকে এখনই নির্ণয় করুন এবং ভবিষ্যতে এ ধরনের পরিস্থিতি অতিক্রম করার জন্যে এখনই কাজ করুন।</p> <ul style="list-style-type: none"> <li>কি কি বিষয়ে উন্নতি করতে হবে?</li> <li>বর্তমানে কোন একটি/একাধিক বিষয়ে আপনার শক্তি সীমিত কিন্তু ভবিষ্যতে আপনি সেটি ভাল করতে পারবেন এ ধরনের বিষয় আছে কি?</li> <li>অন্যেরা আপনার দুর্বলতাকে কিভাবে দেখেন?</li> </ul>
সুযোগ (Opportunities)	চ্যালেঞ্জ (Challenge)
<p>প্রতিশ্রুতিময় সুযোগ গুলো কি?</p> <ul style="list-style-type: none"> <li>যদি আপনি সুযোগের ব্যবহার করতে পারেন তাহলে প্রযুক্তিগতভাবে বা খদ্দেরের চাহিদার ক্ষেত্রে কি কি পরিবর্তন আসতে পারে।</li> </ul>	<p>প্রাথমিক অবস্থায় এটি বর্হিমুখি। কোন প্রয়োজনে কি করণীয় এবং সমস্যাকে কোন দৃষ্টিকোন থেকে বিবেচনা করা হবে এ বিষয়গুলো চিহ্নিত করা সহজ হবে যদি বিশ্লেষণটি সততার সাথে করা হয়।</p> <ul style="list-style-type: none"> <li>বাইরের প্রতিবন্ধকতাগুলো কি?</li> <li>কে আপনার প্রতিদ্বন্দ্বি?</li> <li>বাহ্যিক পরিস্থিতি যেমন- অর্থনৈতিক, রাজনৈতিক ইত্যাদী কি পরিবর্তনশীল?</li> <li>কোন দুর্বলতা কি আপনার ভবিষ্যতের হুমকিস্বরূপ?</li> </ul>

কখনো কখনো 'C' (Challenge)- এর পরিবর্তে 'T' (Threat) ব্যবহৃত হয়, যা- SWOT



Originally prepared by MA Bell, D Shires and P Marcotte, 2012

Translated by Md. Nurul Alam Siddique, February, 2014

Copyright © BIID, 2014. All Rights Reserved.

Modified and used with permission by the USAID/MEAS Project.

For more information visit: <http://ip.ucdavis.edu>

